অনুশীলন ১

ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে সিরিজের তৃতীয় তথা শেষ টেস্টে খেলতে নামার আগে অনুশীলনে ইংল্যান্ডের ওপেনার অ্যালেস্টার কুক।

মাঠে - ময়দানে

অনুশীলন ২

ইংল্যান্ডের বিরুদ্ধে সিরিজের তৃতীয় তথা শেষ টেস্টে খেলতে নামার আগে অনুশীলনে ওয়েস্ট ইন্ডিজের স্পিনার দেবেন্দ্র বিশু।

রামধনুর ছটায় অন্ধকার বাগানে

মোহনবাগান : ১ (ক্রোমা ৫৯)
রেনবো : ১ (সুরজ ৩০)

স্টাফ রিপোর্টার : এমনিতে রেনবো ক্লাবের কর্তারা প্রকাশ্যে জানিয়ে থাকেন ইস্টবেঙ্গলকে আদর্শ করেই এগোতে চাইছেন তারা। লিগের ম্যাচেও তারা লাল-হলুদ বাহিনীকে বেশ অ্যাডভান্টেজ দিয়ে গেল। রামধনুর ছটায় চোখে অন্ধকার দেখল শঙ্করলাল চক্রবর্তীর সাজানো বাগান।

একদিন আগেই খুশির খবর এসেছে বাগানে। আই লিগের জন্য মূল স্পনসর পাওয়া গেছে। ফার্নিচার প্রস্তুতকারক সংস্থা নীলকমলের নাম দেখা যাবে বাগান ফুটবলারদের জার্সিতে। মাঠের বাইরে নীলকমলের পদ্মফুল জুটলেও রেনবোর বিরুদ্ধে ঘরের মাঠে একেবারে কাদায় পড়ল মোহনবাগান। এদিন ৪-৪-২ ছকে দল নামিয়েছিলেন কোচ শঙ্করলাল। গোলে ছিলেন শিবিনরাজ। দুই সাইডব্যাক সার্থক ও রিকি। সেন্টার ডিফেন্সে কিংশুক দেবনাথের সঙ্গী হয়েছিলেন বিক্রমজিৎ সিং। কার্ড সমস্যার জন্য এদিন বিদেশি ডিফেন্ডার কিসেলেকে পায়নি মোহনবাগান। এরজন্যই কিংশুকের সঙ্গী হয়েছিলেন বিক্রমজিৎ। মাঝমাঠে দুই উইংয়ে খেললেন চেন্টারপল লিংডো ও পিন্টু মাহাতো। মাঝখান থেকে খেলাটা ছড়িয়ে দেওয়ার দায়িত্ব ছিল সুচন্দ্র ও রেনিয়ার ফার্নান্ডেজের উপর। আর গোল করার দায়িত্ব ছিল দুই বিদেশি ফরোয়ার্ড ক্রোমা এবং কামোর উপর। সব মিলিয়ে সেরা দলই নামিয়ে ছিল মোহনবাগান। কিন্তু এই দিনটি হয়তো ছিল না তাদের পক্ষে।

এদিন নিষ্প্রভই থাকলেন বাগানের এই বিদেশি।

ধারেভারে প্রতিপক্ষ রেনবোর থেকে অনেকটাই এগিয়ে ছিল মোহনবাগান। তার অঙ্ক হিসাবে শুরু থেকেই আক্রমণে আসে সবুজ-মেরুন বাহিনী। বিশেষত কামোর দাপটে বেশ কয়েকবার গোল করার মতো জায়গায় পৌঁছে গিয়েছিল বাগান। কিন্তু রেনবোর ডিফেন্স ভাঙতে পারেনি তারা। খেলার ২০ মিনিটে গোল করার প্রথম সুযোগটি পায় রেনবো। কিন্তু শিবিনরাজের দক্ষতা সে যাত্রায় রক্ষা করে বাগানকেই। কিন্তু ৩০ মিনিটে দলকে এগিয়ে দিতে সক্ষম হন রেনবোর সুরজ। সুজয় বাঁ পায়ে মাপা ক্রস বাড়িয়েছিল সুরজকে উদ্দেশ্য করে। কিংশুকের মার্কিং এড়িয়ে দুরন্ত হেডে গোল করে যান তিনি। প্রথমার্ধের বাকি সময় বেশ কয়েকটি সুযোগ পেলেও সমতায় ফিরতে ব্যর্থ হয় মোহনবাগান।

দ্বিতীয়ার্ধে নতুন উদ্যমে আক্রমণে ঝাঁপায় সবুজ-মেরুন ফুটবলাররা। তারই পুরস্কার হিসাবে ৫৯ মিনিটে সমতায় ফেরে তারা। ডান পায়ের জোরালো শটে গোল করেন ক্রোমা। এই নিয়ে এবারের কলকাতা লিগে ৬টি গোল হয়ে গেল এই লাইবেরিয়ান স্ট্রাইকারের। কিন্তু ফুটবলাররা ফের গোল মিসের প্রদর্শনীতে যোগ দেওয়ায় শেষ পর্যন্ত পয়েন্ট নষ্ট করতে বাধ্য হয় মোহনবাগান। পাঁচ ম্যাচে ১৩ পয়েন্ট নিয়ে আপাতত লিগ টেবিলে দ্বিতীয় স্থানে রয়েছে টানা সাত বছর কলকাতা লিগ না জেতা দলটি।

বার্সা সভাপতিকে ফের আক্রমণ নেইমারের

প্যারিস, ৬ সেপ্টেম্বর: বার্সেলোনার সভাপতি জোসেফ মারিয়ার বার্তামিডকে ফের আক্রমণ করলেন দলের প্রাক্তন তারকা তথা ব্রাজিলিয়ান সুপারস্টার নেইমার। সম্প্রতি বার্সা কর্তাদের ব্যবহারে তিতিবিরক্ত হয়ে দল ছেড়েছেন এই ব্রাজিলিওয়ান ফরোয়ার্ড। তারপরে একাধিক সাক্ষাৎকারে তিনি জানিয়েছিলেন, কর্তাদের খারাপ ব্যবহারের জেরেই তিনি বার্সা ছেড়ে প্যারিস সাঁ জাঁতে যোগ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছিলেন। এরপরে নেইমার ও তাঁর পিতার বিরুদ্ধে একাধিক বিতর্কিত মন্তব্য করা হয়েছে বার্সা কর্তাদের পক্ষ থেকে। এমনকি প্রাপ্য বোনাস দেওয়া হয়নি নেইমারকে। যদিও তা নিয়ে খুব একটা সরব হয়নি নেইমাররা। তবে এদিন ইনস্টাগ্রামে একটি ছবিতে নেইমার লেখেন, 'এই সভাপতি আসলে একটা মজার বিষয়।' এর মধ্য দিয়ে বার্সা সভাপতির প্রতি নিজের মনোভাব জানিয়ে দিলেন নেইমার, মত বিশেষজ্ঞদের।

শ্রীলঙ্কাকে হোয়াইটওয়াশ সম্পূর্ণ করার লক্ষ্যে এগোচ্ছে ভারত

কলম্বো, ৬ সেপ্টেম্বর: টেস্ট ও ওয়ান ডে সিরিজে হোয়াইটওয়াশ আগেই সম্পূর্ণ হয়ে গেছে তাই সফরের একমাত্র টি-২০ তেও জেতার জন্য অল আউটে ঝাঁপাবে দল তা আগেই জানিয়েছিলেন ভারত অধিনায়ক বিরাট কোহলি। শ্রীলঙ্কার বিরুদ্ধে সেই টি-২০ ম্যাচে জেতার জন্য এগোচ্ছে ভারত।

এদিন বৃষ্টির জন্য নির্ধারিত সময়ের আধঘন্টা পর খেলা শুরু হয়। কিন্তু তাতে উত্তেজনার অভাব হয়নি। ভারতের প্রথম একাদশে জায়গা পেয়েছেন রোহিত শর্মা, লোকেশ রাহুল, বিরাট কোহলি, কেদার যাদব, মণীশ পান্ডে, মহেন্দ্র সিং ধোনি, অক্ষর প্যাটেল, কুলদীপ যাদব, ভুবনেশ্বর কুমার, যজুবেন্দ্র চহাল ও যশপ্রীত বুমরাহ। এদিন টসে জিতে ফিল্ডিং করার সিদ্ধান্ত নেয় ভারত। এই প্রতিবেদন লেখা পর্যন্ত ১২ ওভারে শ্রীলঙ্কার স্কোর ১০১/৪। ফিরে গিয়েছেন উপুল থারাঙ্গা (৫), নিরোশন ডিকওয়েল্লা (১৭), অ্যাঞ্জেলো ম্যাথিউজ (৭) ও দিলশান মুনাভীরা (৫৩)। ভারতের হয়ে একটি করে উইকেট নিয়েছেন ভুবি, কুলদীপ, চহাল ও বুমরাহ।

বৃষ্টি বিঘ্নিত দিনে দাপট ওয়ার্নারের, চাপে সাকিবরা

চট্টগ্রাম, ৬ সেপ্টেম্বর: ফের দাপট দেখালেন অজি ওপেনার ডেভিড ওয়ার্নার। তাঁর শতরানে ভর করে বাংলাদেশের বিরুদ্ধে দ্বিতীয় টেস্টে বেশ অনেকটাই এগিয়ে গেল অস্ট্রেলিয়া। তৃতীয় দিনের শেষে চাপে সাকিব-তামিমরা।

দ্বিতীয় টেস্টে প্রথমে ব্যাট করে ৩০৫ রান করেছিল বাংলাদেশ। জবাবে ব্যাট করতে নেমে দ্বিতীয় দিনের শেষে ২২৫/২ রানে থেমেছিল অস্ট্রেলিয়া। বড় রান করে অপরাজিত ছিলেন ওয়ার্নার ও পিটার হ্যান্ডসকম্ব। তৃতীয় দিনের শুরু থেকেই দাপট দেখাল এই জুটি। তৃতীয় উইকেটে ১৫২ রান যোগ করে রান আউট হয়ে যান হ্যান্ডসকম্ব (৮২)। কিন্তু কেরিয়ারের ২০ তম টেস্ট শতরানটি সহজেই করে ফেলেন ডেভিড ওয়ার্নার (১২৩)। টানা দুটি ম্যাচেই বড় রান পেলেন এই অজি ওপেনার। এদিন অবশ্য নিয়মিত ব্যবধানে উইকেট হারাতে থাকায় অনেক রানের লিড নিতে পারেনি অস্ট্রেলিয়া। সেট হয়েও উইকেট ছুঁড়ে দেন গ্লেন ম্যাক্সওয়েল (৩৮), হিল্টন কার্টরাইট (১৮), ম্যাথু ওয়েডরা (৮)। ভরসা জোগাতে ব্যর্থ অ্যাস্টন অ্যাগার (২২) ও প্যাট কামিন্স (৪)। তৃতীয় দিনের শেষে অস্ট্রেলিয়ার স্কোর ৩৭৭/৯। অপরাজিত আছেন সাইমন ও'কিফি (৮) ও নাথান লিয়ঁ (০)।

বাংলাদেশের হয়ে তিনটি করে উইকেট নিয়েছেন স্পিনার মেহেদি হাসান মিরাজ ও পেসার মুস্তাফিজুর রহমান। এছাড়া একটি করে উইকেট পেয়েছেন সাকিব আল হাসান ও তাইজুল ইসলাম।

ক্যারিবিয়ান লিগের ফাইনালে প্যাট্রিয়টস

তারুবা, ৬ সেপ্টেম্বর: ক্যারিবিয়ান প্রিমিয়ার লিগের ফাইনালে পৌঁছে গেল সেন্ট কিটস অ্যান্ড নেভিস প্যাট্রিয়টস। প্রথম কোয়ালিফায়ারে তারা ৬৮ রানে হারাল ত্রিনিবাগো নাইট রাইডার্সকে। যদিও ফাইনালে ওঠার আশা শেষ হয়নি নাইটদের।

এই ম্যাচে আগে বল করার সিদ্ধান্ত নিয়েছিল নাইটরা। নির্ধারিত ২০ ওভারে ১৪৯/৭ স্কোর করে প্যাট্রিয়টসরা। ওপেন করতে নেমে অপরাজিত থাকলেও এদিন টি-২০ সুলভ ব্যাটিং করতে পারেননি ক্রিস গেইল (৫১ বলে ৫৪ রান)। মূলত মহম্মদ হাফিজ (২১), ব্রেন্ডন কিং (৩০), কার্লোস ব্রেথওয়েট (১৪), জোনাথন কার্টার (৪), ডেভন থমাসের (৮) করা ক্যামিওতে ভর করে লড়াই করার মতো যথেষ্ট রান স্কোর করে প্যাট্রিয়টসরা। চারটি উইকেট নেন ডোয়েন ব্র্যাভো। এছাড়া ব্যাশফোর্ড বিটন ২টি ও কেভিন কুপার ১টি উইকেট নিয়েছেন।

জবাবে ব্যাট করতে নেমে শুরু থেকেই উইকেট হারাতে থাকে নাইটরা। পরপর ফিরে যান নারিন (০), উইলিয়াম পার্কিন্স (১) ও কলিন মুনরো (৫)। ডারেন ব্র্যাভো (২৯) ও দীনেশ রামদিন (১৯) চেষ্টা করেও ব্যর্থ হন। দাগ কাটতে পারেননি ড্যান ক্রিশ্চিয়ানও (৪)। সাদাব (২), কুপার (৪), জেভন সিয়ার্লেস (৪), বিটনদের (১৩*) ব্যর্থতায় দাম পায়নি ব্র্যাভোর (২৪) মরিয়া লড়াইও। শেষ পর্যন্ত ১১১ রানেই শেষ হয়ে যায় নাইটদের ইনিংস। শেল্ডন ৩টি এবং বেন, ব্রেথওয়েট, হাফিজ, সামসি ও গেইল ১টি করে উইকেট পেয়েছেন।

আজ পাঠচক্রের বিরুদ্ধে জয়ই লক্ষ্য ইস্টবেঙ্গলের

স্টাফ রিপোর্টার : প্রথম পাঁচ ম্যাচে জয়ের পর আজ ফের ঘরোয়া লিগের ম্যাচ খেলতে নামছে ইস্টবেঙ্গল। নিজেদের মাঠে তাদের প্রতিপক্ষ পাঠচক্র। যারা প্রথম ম্যাচে মহমেডানকে হারিয়ে লিগ অভিযান শুরু করেছিল।

কাস্টমস ম্যাচের পর প্রায় দশ দিন কোনও ম্যাচ খেলেনি ইস্টবেঙ্গল। তাই ফুটবলাররা ছিলেন বিশ্রামে। তবে তা নিয়ে এতটুকু চিন্তিত নন লাল-হলুদ কোচ খালিদ জামিল। বরং তিনি বলেন, বিশ্রামটা বেশ কাজে লাগাবে ফুটবলারদের। চোট পাওয়া ফুটবলাররা বেশ খানিকটা সুস্থ হয়ে উঠেছে। তবে চোটের জন্য পাঠচক্র ম্যাচে অনিশ্চিত মরগুমের প্রথম হ্যাটট্রিককারী পিভি সুহের। সুহের অনিশ্চিত হলেও ভারতীয় দলের ফুটবলার অর্ণব মন্ডল, রফিক, নিখিল পুজারী, সামাদ দলের সঙ্গে যোগ দেওয়ায় খুশির হাওয়া লাল-হলুদ শিবির জুড়ে। চার ভারতীয় ফুটবলার ফিরলেও তাদের খেলানো হবে কি না তা নিয়ে দ্বিধায় রয়েছেন কোচ খালিদ। ইস্টবেঙ্গল কোচ বলেন, ওরা এলেও খেলাবো কি না তা নিয়ে ভাবছি। আসলে প্রথমে দেখতে হবে ম্যাচ খেলার মতো ওরা কন্ডিশনে রয়েছে কিনা। প্রথম পাঁচটি ম্যাচে জয় ছিনিয়ে লিগ শীর্ষে থাকলেও তা নিয়ে এতটুকু চিন্তিত নন ইস্টবেঙ্গল কোচ। বরং তাঁর ভাবনায় পাঠচক্রের বিরুদ্ধে জয় ছিনিয়ে নিয়ে জয়ের ধারা বজায় রাখার পাশাপাশি লিগ খেতাবের লড়াইয়ে শীর্ষে থাকা। লিগ খেতাবের দৌড়ে শীর্ষে থাকলেও মোহনবাগান টানা পাঁচ ম্যাচে জয় পাওয়ায় কিছুটা হলেও চাপ রয়েছেন লাল-হলুদ কোচ।

পাঠচক্র ম্যাচের আগে খালিদ বলেন, এটা ঘটনা মোহনবাগানের ধারাবাহিকতা জয় আমাকে চাপে ফেলেছে। প্রচন্ড লড়াই হচ্ছে এবার কলকাতা লিগে। কেউ কাউকে একফোঁটা জায়গা দিচ্ছে না। মোহনবাগানের চাপ নিয়েই আমাদের খেলতে হচ্ছে। কাজটা বেশ কঠিন। তবে ফুটবলারদের বলছি আগে থেকে মোহনবাগান ম্যাচ নিয়ে না ভাবতে। একটা একটা ম্যাচ ধরে এগোতে চাই। খেলতে হবে বুদ্ধি করে। এখন আমাদের ভাবনায় পাঠচক্র ম্যাচ। ওরা বেশ শক্তিশালী দল। তাই সতর্ক হয়েই মাঠে নামব। জয়ের জন্য ইস্টবেঙ্গল কোচ তাকিয়ে রয়েছেন প্রথম ম্যাচে মহমেডানকে হারিয়ে চমক দেখালেও পরের ম্যাচগুলিতে সে রকম দাপট দেখাতে পারেনি পাঠচক্র। তাই ইস্টবেঙ্গলের বিরুদ্ধে ঘুরে দাঁড়াতে চান পাঠচক্র কোচ পার্থ সেন। ম্যাচের আগের দিন তিনি বলেন, ইস্টবেঙ্গল বেশ শক্তিশালী দল। তবু ওদের বিরুদ্ধে পয়েন্ট বাড়ানোই লক্ষ্য আমার।

বড় জয় স্পেনের

ভাদুজ, ৬ সেপ্টেম্বর: বিশ্বকাপের যোগ্যতা অর্জন পর্বের অ্যাওয়ে ম্যাচে লিচেস্টাইনকে ৮-০ গোলে উড়িয়ে দিল স্পেন। গ্রুপ জি'য়ের এই ম্যাচে শুরুতেই সার্জিও র‍্যামোসের গোলে এগিয়ে যায় স্পেন। ১৫ মিনিটে ব্যবধান বাড়ায় আলভারো মোরাতা। এই গোলের রেশ কাটার আগেই দলের হয়ে তৃতীয় গোলটি করেন ইস্কো। ৩৯ মিনিটে ডেভিড সিলভা ব্যবধান ৪-০ করেন। দ্বিতীয়ার্ধের ৫১ মিনিটে পঞ্চম গোলটি করেন ইয়াগো আসপাস। ৫৪ মিনিটে তাঁর পাস থেকে নিজের দ্বিতীয় এবং দলের ষষ্ঠ গোলটি করেন মোরাতা। ৬৩ মিনিটে আসপাস ফের গোল করেন। খেলা শেষ হওয়ার দুই মিনিট আগে ম্যাক্সমিলিয়ন গোপেলের আত্মঘাতী গোল লিচেস্টাইনের কফিনে শেষ পেরেকটি পুঁতে দেয়। এই ম্যাচ জিতে গ্রুপ জি'তে শীর্ষ স্থান ধরে রাখল স্পেন। আট ম্যাচে তাদের সংগ্রহ ২২ পয়েন্ট। গ্রুপের অন্য ম্যাচে সিরো ইমোবিলের একমাত্র গোল ভর করে ইসরায়েলকে হারাল ইতালি। সমসংখ্যক ম্যাচে ১৯ পয়েন্ট পেয়েছে তারা।

ড্র করে চিলির হারের সুবিধা নিতে পারল না আর্জেন্টিনা

রোজারিও, ৬ সেপ্টেম্বর : দুর্দশা কাটছে আর্জেন্টিনার। ভেনেজুয়েলার সঙ্গে ঘরের মাঠে বিশ্বকাপের যোগ্যতা অর্জন পর্বের ম্যাচে ১-১ গোলে ড্র করল তারা। যার ফলে বলিভিয়ার কাছে চিলির ১-০ গোলে হারের সুবিধা নিতে পারল না মেসিরা। তাদের মতোই ড্র করল কলম্বিয়া ও ব্রাজিল। জিতল পেরু ও উরুগুয়ে। যথাক্রমে ইকুয়েডর ও প্যারাগুয়েকে হারাল তারা।

যোগ্যতা অর্জন পর্বের ম্যাচ খেলার আপাতত ব্রাজিলের কাছে নিয়মরক্ষার। কারণ ইতিমধ্যেই রাশিয়ার টিকিট পেয়ে গিয়েছে তারা। কিন্তু পরিস্থিতি ভাল না হওয়ায় চিলি ও আর্জেন্টিনার পক্ষে আগামী বছর বিশ্বকাপে জায়গা করে নেওয়াটা বেশ চাপের। এই ম্যাচের আগে ১৫ ম্যাচে ২৩ পয়েন্ট ছিল দুই দলেরই। গোল পার্থক্যে এগিয়ে চতুর্থ স্থানে ছিল চিলি। আর লাতিন আমেরিকা থেকে বিশ্বকাপ খেলতে হলে অন্তত পঞ্চম স্থানে শেষ করতে হবে দলকে। কারণ প্রথম চারটি দল বিশ্বকাপের টিকিট সরাসরি পাবে। পঞ্চম দলটি প্লে-অফ খেলার সুযোগ পাবে। এদিন জুয়ান আর্কের একমাত্র গোলে ভর করে চিলিকে হারায় বলিভিয়া। কিন্তু ভেনেজুয়েলার সঙ্গে ১-১ গোলে ড্র করে চিলির হারের অ্যাডভান্টেজ কাজে লাগাতে পারেনি আর্জেন্টিনা। ৫০ মিনিটে জন মুরিলোর গোলে এগিয়ে যায় ভেনেজুয়েলা। এটির চার মিনিচ পর রোল্ড ফেল্টস্চারের আত্মঘাতী গোলে সমতায় ফেরে মেসিরা। এদিন ইকুয়েডরকে ২-১ গোলে হারিয়ে চতুর্থ স্থানে উঠে আসল পেরু,

১৬ ম্যাচে তাদের সংগ্রহ ২৪ পয়েন্ট। সমান পয়েন্ট নিয়ে গোল পার্থক্যে পিছিয়ে পঞ্চম স্থানে রয়েছে আর্জেন্টিনা। চিলি নেমে গেল ষষ্ঠ স্থানে। অ্যাওয়ে ম্যাচে প্যারাগুয়েকে (১৬ ম্যাচে ২১ পয়েন্ট) ২-১ গোলে হারিয়ে দুই নম্বরে উঠে আসল উরুগুয়ে (১৬ ম্যাচে ২৭ পয়েন্ট)। ব্রাজিলের (১৬ ম্যাচে ৩৭ পয়েন্ট) সঙ্গে ১-১ গোলে ড্র করে তৃতীয় স্থানে নেমে গেল কলম্বিয়া (১৬ ম্যাচে ২৭ পয়েন্ট)। উইলিয়ানের গোলে এগিয়ে গিয়েছিল ব্রাজিল। কলম্বিয়াকে সমতায় ফেরায় রাদামেল খালকাওয়ের গোল।

ভারোত্তলনের কমনওয়েলথ চ্যাম্পিয়নশিপের আয়োজক ভারত

গোল্ড কোস্ট, ৬ সেপ্টেম্বর: কমনওয়েলথ ভারোত্তলক ফেডারেশনের বৈঠকে গৃহিত সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তি টুর্নামেন্ট আয়োজনের দায়িত্ব পেল ভারত। ২০১৯ সালে ভারতে এই টুর্নামেন্ট হবে। আপাতত অস্ট্রেলিয়ার গোল্ড কোস্টে এই টুর্নামেন্ট চলছে। ইতিমধ্যেই এবারের কমনওয়েলথ চ্যাম্পিয়নশিপে নিজ নিজ ওয়েট ক্যাটাগরিতে সোনা জিতেছেন ভারতের মিরাবাঈ চানু ও সোঞ্জিতা চানু। এর ফলে আগামী বছর কমনওয়েলথ গেমসে খেলার সুযোগ পেলেন তারা।

প্যারিসে এমবাপ্পে

প্যারিস, ৬ সেপ্টেম্বর: নেইমারের পর কাইলিয়ান এমবাপ্পেকেও দলে নিয়ে নিল প্যারিস সাঁ জাঁ। এই ১৮ বছর বয়সী ফরাসি তারকাকে ১৮০ মিলিয়ন ইউরো দিয়ে দলে নিল তারা। এর ফলে নেইমারের পর বিশ্বের দ্বিতীয় সর্বোচ্চ দামী ফুটবলার হয়ে গেলেন তিনি। তাঁর কাছে রিয়াল মাদ্রিদ ও বার্সেলোনার প্রস্তাবও ছিল।

আটকে গেল মেক্সিকো, ইউএসএ

মেক্সিকো সিটি, ৬ সেপ্টেম্বর: বিশ্বকাপের যোগ্যতা অর্জন পর্বের ম্যাচে ড্র করল মেক্সিকো ও ইউএসএ। যথাক্রমে কোস্টারিকা ও হন্ডুরাসের কাছে আটকে গেল তারা। অন্যদিকে ত্রিনিদাদ ও টোবাগোকে ৩-০ গোলে হারাল পানামা।

রাশিয়ার টিকিট পাওয়ার দৌড়ে কনকাফ গ্রুপে অনেকটাই এগিয়ে রয়েছে মেক্সিকো ও কোস্টারিকা। এদিন ঘরের মাঠে মেক্সিকোকে এগিয়ে দেন কোস্টারিকার ডিফেন্ডার ক্রিশ্চিয়ান গাব্বোয়া। তাঁর আত্মঘাতী গোল মেক্সিকান সমর্থকদের মধ্যে হাসি ফোটায়। ৮২ মিনিটে মার্কো উরেনার গোলে সমতা ফেরায় কোস্টারিকা। অন্যদিকে হন্ডুরাসের বিরুদ্ধে শুরুতেই পিছিয়ে পড়েছিল ইউএসএ। ২৭ মিনিটে গোল করেন হন্ডুরাসের মিডিও রোমেল কুয়োটো। ৮৫ মিনিটে বেবি উডের করা গোলে হার বাঁচায় ইউএসএ।

অন্য ম্যাচে ঘরের মাঠে গ্যারিয়েল টোরেসের গোলে এগিয়ে যায় পানামা। ৫৭ মিনিটে ব্যবধান বাড়ায় মিচেল ডিয়নের আত্মঘাতী গোল। ৮৫ মিনিটে আবদিয়াল আরোয়োর গোল ত্রিনিদাদ ও টোবাগোর কফিনে শেষ পেরেকটি পুঁতে দেয়।



ইউএস ওপেনের কোয়ার্টার ফাইনালে পেত্রা কিতোভাকে ৬-৩, ৩-৬, ৭-৬ সেটে হারালেন ভেনাস উইলিয়ামস। সেমিফাইনালে তাঁর প্রতিপক্ষ স্লোয়ান স্টিফেন্স।

প্রকাশক এবং মুদ্রক টি দুর্গা রাও, স্বত্বাধিকারী : আশিষ লাহা, ৯৭/২, এম জি রোড, মিডিল পয়েন্ট, পোর্ট ব্লেয়ার-৭৪৪ ১০১ থেকে প্রকাশিত এবং ইকো প্রিন্টিং প্রেস, ডলিগঞ্জ, পোর্ট ব্লেয়ার-৭৪৪ ১০৩ থেকে মুদ্রিত, সম্পাদক : আশিস লাহা* (পিআরবি আইন অনুযায়ী প্রকাশিত সমস্ত সংবাদের জন্য দায়বদ্ধ)।
Printed and published by T Durga Rao, owned by Asish Laha and published from 97/2, M. G. Road, Middle Point, Port Blair-744 101 & printed at Echo Printing Press, Dollygunj, Port Blair-744 103. Editor : Asish Laha*(*responsible for selection of news under the PRB Act).